
তরুণ মজুমদার নিবেদিত
কুহেলি
এক রুদ্ধশ্বাস রহস্যচিত্র!

তরুণ মজুমদার নিবেদিত

# কুহেলি

বীরেন দাশ রচিত 'বৌরাণী' উপন্যাস অবলম্বনে ভারত চিত্রের নিবেদন

চিত্রনাট্য ও পরিচালনা • অভিমন্যু • সুরসৃষ্টি • হেমন্ত মুখোপাধ্যায়

আলোকচিত্র · সৌম্যেন্দু রায় · শিল্পনির্দেশ · সুনীতি মিত্র · সম্পাদনা · দুলাল দত্ত · শব্দগ্রহণ · বাণী দত্ত · নৃপেন পাল · সুজিত সরকার · সঙ্গীতানুলেখন · মঙ্গেশ দেশাই (রাজকমল কলামন্দির · বম্বে) · শব্দ-পুনর্যোজনা শ্যামসুন্দর ঘোষ · কর্মাধ্যক্ষ · দিলীপ বন্দ্যোপাধ্যায় · কর্মসচিব · মুকুল চৌধুরী · রূপসজ্জা · অনন্ত দাস · গীতরচনা · কবিগুরু রবীন্দ্রনাথ · গৌরী প্রসন্ন মজুমদার · নেপথ্য কণ্ঠদান · লতা মঙ্গেশকর · আশা ভোঁসলে হেমন্ত মুখোপাধ্যায় · কেশসজ্জা · গোষ্ঠকুমার · পটশিল্প · কবি দাশগুপ্ত · সাজসজ্জা · দি নিউ ষ্টুডিও সাপ্লাই স্থির চিত্র · এড্‌না লরেঞ্জ · ষ্টুডিও তত্ত্বাবধান · দাশরথি চৌধুরী · ধীরেন দাস · বিজয় বসু

প্রচার • ধীরেন দেব

সহকারী

পরিচালনা · ধ্রুব রায় চৌধুরী · শ্রীনিবাস চক্রবর্ত্তী · বিশেষ সহকারী · রমেশ সেন · সুরসৃষ্টি · সমরেশ রায় বেলা মুখোপাধ্যায় · আলোকচিত্র · পূর্ণেন্দু বসু · ফটিক মজুমদার · অনিল ঘোষ · শিল্পনির্দেশ · বুদ্ধদেব ঘোষ · সম্পাদনা · শক্তিপদ রায় · শব্দগ্রহণ · অনিল নন্দন · ইন্দু অধিকারী · পাঁচু · রূপসজ্জা · কৃষ্ণ ঘোষ ব্যবস্থাপনা · জগদীশ মজুমদার · কেষ্ট দে · জগদীশ পাণ্ডে · সংগঠনে · নিখিল সেনগুপ্ত · আলোকসম্পাত সতীশ হালদার · দুখী নস্কর · কেষ্ট দাস · ব্রজেন দাস · অনিল পাল · মঙ্গল সিং · বেণু ধর · জগন ভকত · হরেন গাঙ্গুলী · সুধীর সরকার · সুদর্শন দাস · দিলীপ ব্যানার্জী · অভিমন্যু দাস · অবনী নস্কর · খাঁদু পাত্র

পরিস্ফুটন · অবনী রায় · তারাপদ চৌধুরী

রূপায়ণে

বিশ্বজিৎ চট্টোপাধ্যায় · সন্ধ্যা রায় · সুমিতা সান্যাল

অজিতেশ বন্দ্যোপাধ্যায় · সত্য বন্দ্যোপাধ্যায় · ছায়া দেবী · শেখর চট্টোপাধ্যায় · উৎপল দত্ত তরুণ রায় · চুমকি রায় · মৃণাল মুখোপাধ্যায় · নির্মল ঘোষ · অমর মল্লিক · গৌর শী মনু মুখোপাধ্যায় · দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় · নিখিল সেনগুপ্ত · শ্যামল ঘোষ · অমর মুখোপাধ্যায় · শান্তি চট্টোপাধ্যায় (অতিথি) · মিহির পাল · সুকুমার মুখোপাধ্যায় এবং রবি ঘোষ (অতিথি শিল্পী) ও শুভেন্দু চট্টোপাধ্যায় (অতিথি শিল্পী)

ক্যালকাটা মুভিটোন ও নিউ থিয়েটার্স (১নং) ষ্টুডিওতে গৃহীত ও আর, বি, মেহতার তত্ত্বাবধানে ইণ্ডিয়া ফিল্ম ল্যাবরেটরীজে পরিস্ফুটিত

কৃতজ্ঞতা স্বীকার

সর্বশ্রী • দীনেন চক্রবর্তী (শিলিগুড়ি) • অলোকা দাশগুপ্তা (দার্জিলিং) • চিত্তরঞ্জন মিত্র (কালিমপং) বি. রায় (কালিমপং) • অমিয় মুখার্জী (কালিমপং) • শান্তি গুহ (কালিমপং) • সুনীল ঘোষ • সোমনাথ মণ্ডল • অলোক সেন • ধীরেন দাস • প্রবীর মিত্র • কালিমপং টেনিস ক্লাব • মেসার্স এন • সি • দাঁ এণ্ড কোং মেসার্স হসপিটাল এপ্লায়েন্সেস ম্যানুঃ কোং • ক্যালকাটা নার্সিং হোম (প্রা) লিঃ • ষ্টার থিয়েটার • বিশ্বরূপা থিয়েটার • কাশী বিশ্বনাথ মঞ্চ এবং ২৪ পরগণার পুলিশ কর্তৃপক্ষ

পরিবেশনা • পিয়ালী পিকচার্স প্রাইভেট লিমিটেড

## ক্ষমা প্রার্থনা

গতানুগতিক প্রথানুযায়ী এই পুস্তিকায় এই ছবির কাহিনীর সারাংশ সন্নিবেশিত করা গেল না বলে আমরা দুঃখিত। দর্শক-সাধারণের মুখ চেয়েই এ ব্যবস্থা গ্রহণ করতে হ'ল। কেননা, রহস্যচিত্রে সার কথাটুকু থাকে সবার শেষে, আর শেষ কথাটুকু আগেই প্রকাশ হয়ে গেলে, বাকী আর কিছুই প্রায় থাকে না।

তাই, কাহিনীর বদলে কিছু কিছু মুখ্য চরিত্রের পরিচিতি দিচ্ছি পরের দুটি পৃষ্ঠায়। আর সেই সঙ্গে একটি অনুরোধ। যাঁরা আজ ছবি দেখে ফিরে যাবেন, তাঁরা যেন দয়া করে এর শেষটুকু দ্বিতীয় কারো কাছে প্রকাশ না করেন। আমাদের স্বার্থে নয়। ভবিষ্যতে যাঁরা ছবি দেখতে আসবেন, তাঁদেরই মুখ চেয়ে।



**শংকর**

সারা পৃথিবী তাকে জেনেছিল স্ত্রীর হত্যাকারী ব'লে। আদালত মুক্তি দিয়েছিল উপযুক্ত সাক্ষ্যপ্রমাণের অভাবে। গভীর রাতে, অতন্দ্র চোখে বাইরের নিশ্ছিদ্র অন্ধকারের দিকে চেয়ে সে কার পদধ্বনির প্রতীক্ষা করে?



**সেবা**

আজকের মধ্যবিত্ত পরিবারের মেয়েরা হয়তো অনেকেই চাকরি চায়···দূর-দূরান্তরেও ছোটে···কিন্তু অব্যর্থ মৃত্যুর ফাঁদে ভুল ক'রে পা দেয় ক'জন···যেখান থেকে ফিরে আসার আর কোন পথই নেই?



**ডাঃ চৌধুরী**

সংসার তাকে বাঁধতে পারেনি। তবু একমাত্র পালিতা-কন্যার শোচনীয় মৃত্যু কেন তার জীবনের ছক পাল্টে দিল? কেন তাকে প্রয়োজন হ'ল সর্বনাশের রাহুগ্রাস থেকে বাঁচবার শেষ অবলম্বন হিসেবে?



**প্রশান্ত**

বেকারীর জ্বালায় ক্ষতবিক্ষত মধ্যবিত্ত বিবেকের প্রতীক। ভালবাসার পাত্রীকে ছেড়ে দিতে হয়েছিল জীবন-সংগ্রামের কুটিল আবর্তে। তারপর অকস্মাৎ একদিন সেই আবর্ত্ত থেকে ভেসে এল করুণ আহ্বান, "বিপন্ন আমি। বাঁচাও।"



**লক্ষ্মণ**

ভীতু, না ধূর্ত, না সেয়ানা পাগল? চাকরের ছদ্মবেশে শয়তানের কোন এজেন্ট? নইলে রায়কুঠির সব গোপন খবর তার কাছে পৌঁছয় কেমন ক'রে? কেনই বা সে সব জেনেশুনে এ বাড়িতে টিঁকে আছে?



**মোতিলাল**

রূপার মূল্যে রূপের ব্যবসা করাই যার পেশা, সে কেন জবাব দিতে যাবে সভ্য জগতের শত প্রশ্নের? কেন সে বলতে যাবে চম্পা নামে মেয়েটির অতীত ইতিহাস।



**ডিফেন্স কাউন্সেল**

"আইনের বিধান অগণিত দোষীকে মুক্তি দিক, কিন্তু একটি নির্দোষ মানুষকেও যেন শাস্তির বধ্যভূমিতে টেনে নিয়ে না যায়।"



**অপর্ণা**

স্বামীকে পেয়ে এত সুখ স্বপ্নেও বোধহয় ভাবে নি হতভাগী। তবু মৃত্যুর আগে সেই স্বামীর দিকে আঙুল তুলে করুণ আর্তনাদে কেন তাকে বলতে হয়েছিল, "তুমি!···তুমি!"?



**সত্যভূষণ**

ঘূর্ণি হাওয়ার মতো অশান্ত এই মানুষটির চোখে জ্বলে ধ্বংসের আগুন। সে কি শুধু রায়কুঠির বিশাল সম্পত্তির লোভে, না বহুদিনসঞ্চিত প্রতিশোধ প্রবৃত্তির তাড়নায়?



**মানদা**

মুখের বলিরেখায় আঁকা আছে রায়কুঠির অতীত ইতিহাস। প্রশ্ন করলে কিছুই জানা যায় না, কেননা মুখ তার বন্ধ। শুধু গভীর রাতে সে দরজা খুলে রাখে আগন্তুক অতিথির জন্য।



**রাণু**

সংসারে কেউ তার আপন নয়, কেউ তাকে ভালবাসে না। তাই, গভীর রাতে, নিঃশব্দ পদসঞ্চারে রায়কুঠি পেরিয়ে পালিয়ে যায় বাইরের আরণ্য-অন্ধকারে···যেখানে লুকিয়ে আছে তার মা!



**অবিনাশ**

স্টেশনমাষ্টারের অভ্যস্ত চোখে কত যাত্রীর যাওয়া-আসা সে দেখেছে। তবু কেন নিঝুমগড় স্টেশনে এক সুবেশা, সুরূপা তরুণীকে দেখে তাকে চমকে উঠতে হ'ল?



**রতন**

বেপরোয়া গাড়ি চালিয়ে নিশীথ-যাত্রিণীকে নিয়ে এল মৃত্যুপুরীর দ্বারে। কি তার পরিচয়? কেন সে অকারণে উধাও হয়ে গেল? সে কি জীবিত, না মৃত?



**সরকারী উকিল**

"জেনেবুঝে, সুপরিকল্পিতভাবে গুলি করে নিজের স্ত্রীকে হত্যা করেছে যে দুর্বৃত্ত, ফাঁসির দড়ির ভবিতব্য ছাড়া তার জীবনের অন্য কোন পরিণতি কি মেনে নেওয়া চলে?"



# গান

এসো কাছে এসো
দেখ নিশুতি রাত কেমন ঘুমিয়ে আছে
কিসের ভয়
এই তো কাছে আসার সময়
তুমি এসো এসো এসো কাছে এসো
কত যুগ ধরে তোমারই প্রতীক্ষায়, দিন গুনেছি
এই পাষাণপুরীতে নিজেরই কান্না, নিজেই শুনেছি
তুমি এসো তুমি এসো
যে দিকে তাকাই শুধু আঁধার, ধূ ধূ করে
ছায়ার মতই আমার তৃষা
কেঁদে মরে
তুমি এসো তুমি এসো
এসো কাছে এসো

কথা গৌরী প্রসন্ন
কণ্ঠদান · লতা মঙ্গেশকর

কেন
কেন এলে
মরনের দেশে তুমি এসেছ
জীবন পিছনে ফেলে
শোনো শোনো
এখানে মানুষ কেউ থাকে না তো কোনো
সব পথ এখানেই শেষ হয়ে যায়
শেষ হয়ে যায়
কেন তবু এলে
যদি পারো ফিরে যাও ফিরে যাও ফিরে যাও
শোনো শোনো শোনো
এখানে পথিক কেউ আসে না কখনো
এই পাষাণপুরীতে কেউ জেগে নেই
তবু মনে রেখো
বুকভরা হাহাকার নিয়ে বুকভরা তৃষা নিয়ে
জেগে আছে জেগে আছে জেগে আছে
দুটি চোখ –

কথা · গৌরীপ্রসন্ন
কণ্ঠদান · লতা মঙ্গেশকর

মেঘের কোলে রোদ হেসেছে, বাদল গেছে টুটি
আহা, হাহা, হা।
আজ আমাদের ছুটি ও ভাই, আজ আমাদের ছুটি।
আহা, হাহা, হা।
কী করি আজ ভেবে না পাই,
পথ হারিয়ে কোন বনে যাই,
কোন্ মাঠে যে ছুটে বেড়াই সকল ছেলে জুটি।
আহা, হাহা, হা।
কেয়া পাতার নৌকো গড়ে সাজিয়ে দেব ফুলে –
তালদিঘিতে ভাসিয়ে দেব, চলবে দুলে দুলে।
রাখাল ছেলের সঙ্গে ধেনু, চরাব আজ বাজিয়ে বেণু,
মাখব গায়ে ফুলের রেণু চাঁপার বনে লুটি।
আহা, হাহা, হা॥

কথা · কবিগুরু রবীন্দ্রনাথ
কণ্ঠদান · আশা ভোঁসলে



তুমি রবে নীরবে হৃদয়ে মম
নিবিড় নিভৃত পূর্ণিমানিশীথিনী-সম॥
মম জীবন যৌবন মম অখিল ভুবন
তুমি ভরিবে গৌরবে নিশীথিনী-সম॥
জাগিবে একাকী তব করুণ আঁখি
তব অঞ্চল ছায়া মোরে রহিবে ঢাকি।
মম দুঃখ বেদন মম সফল স্বপন
তুমি ভরিবে সৌরভে নিশীথিনী-সম॥

কথা · কবিগুরু রবীন্দ্রনাথ
কণ্ঠদান · লতা মঙ্গেশকর
· হেমন্ত মুখোপাধ্যায়

কে জেগে আছ
শুনেছ কি আজ তার পায়ের আওয়াজ
আসছে সে আসছে
বারতা পেয়েছি আসছে, মন বলছে আসছে
রাতের আঁধারে ঘুমের গভীরে
আসছে সে আসছে
থেমে গেছে সব শব্দ
চারিদিকে নিস্তব্ধ
শুনেছ কি তার পদধ্বনি
আসছে সে আসছে
থম থমে রাত শান্ত
হও যদি কেউ ক্লান্ত
ঘুমিওনা আজ জেগে থাকো
আসছে সে আসছে
পায়ের আওয়াজ কি শুনছ
পথ চেয়ে প্রহর কি গুনছ
বাতাসের মত ওই নীরবে
আসছে সে আসছে
শেষ রাতে আসবে সে হয়ত
আজ রাতে ঘুম আর নয়ত
এ রাতেরই কোন এক প্রহরে
হিসাব মেটাতে সে আসছে।
কে – জেগে আছ ॥

কথা · গৌরী প্রসন্ন.
কণ্ঠদান · লতা মঙ্গেশকর




শংকর রচিত
উপন্যাস অবলম্বনে
সত্যজিৎ রায়ের ছবি
চিত্রাঞ্জলির নিবেদন
সীমাবদ্ধ


উত্তমকুমার·অপর্ণাসেন অভিনীত
যমুনা
কে
তীর
পরিচালনা· সুনীল ব্যানার্জী
পিয়ালীর আগামী ছবি